

**1.মনোবিজ্ঞান সম্মত সুখবাদ ও নৈতিক সুখবাদ এর মধ্যে পার্থক্য লেখ।**

ক)মনোবিজ্ঞান সম্মত সুখবাদ অনুসারে মানুষ স্বভাবতই সুখ অন্বেষণ করে আর নীতি বিজ্ঞানসম্মত সুখবাদ অনুসারে মানুষের সুখ অন্বেষণ করা উচিত।

খ) মনোবিজ্ঞান সম্মত সুখবাদ বর্ণনামূলক বা বিষয়গত অপরদিকে নীতি বিজ্ঞান সম্মত সুখবাদ আদর্শমূলক বা মূল্য বিষয়ক।

**2. আত্মগত সুখবাদ কি?**

আত্ম সুখবাদ অনুসারে মানুষের জীবনের সর্বোচ্চ লক্ষ্য বা একমাত্র কাম্য বস্তু তার নিজের সুখ। যে নীতিবিজ্ঞান সম্মত সুখবাদে ব্যক্তির নিজের জন্য সর্বাধিক পরিমাণে সুখকে নৈতিক বিচারের আদর্শ বা মানদণ্ড হিসেবে গণ্য করা হয় তাকে বলে আত্ম সুখবাদ। আরিস্টোপাস, এপিউরাস, হবস প্রমুখ এই মতের সমর্থক।

**3. সূক্ষ্ম বা সংযত আত্ম সুখবাদ বলতে কী বোঝায়?**

যে সুখবাদে বিচার বুদ্ধির দ্বারা নির্ধারিত ব্যক্তির নিজের সুখকে নৈতিক বিচারের আদর্শ বলে বর্ণনা করা হয়েছে, তাকে বলা হয় সংযত আত্ম সুখবাদ। এই মতবাদে দৈহিক সুখ নয়, মানসিক বা বৌদ্ধিক সুখই একমাত্র কাম্য।

**4. স্থূল বা অসংযত আত্ম সুখবাদ বলতে কী বোঝায়?**

যে সুখবাদে ব্যক্তির নিজের সর্বাধিক পরিমাণ দৈহিক সুখকে নৈতিক বিচারের আদর্শ হিসেবে গ্রহণ করা হয় তাকে বলা হয় অসংযত আত্ম সুখবাদ। এই মতবাদ অনুসারে দৈহিক ও মানসিক সুখের মধ্যে কোন গুণগত পার্থক্য নেই, আছে শুধু পরিমাণগত পার্থক্য।

**5. পরসুখবাদের মূল বক্তব্য কী ?**

পরসুখবাদ অনুসারে সর্বাধিক লোকের সর্বাধিক পরিমাণ সুখই হল মানব জীবনের প্রকৃত নৈতিক আদর্শ। এই মতবাদ অনুসারে যে কাজ বহু লোকের সুখ উৎপাদনের উপযোগী সেই কাজ ভালো এবং যে কাজ সুখ উৎপাদনের পরিপন্থী সেই কাজ মন্দ।

**6. কর্তব্য মুখি নৈতিক মতবাদ কি?**

কর্তব্য মুখি নৈতিক মতবাদ অনুসারে কোন কর্ম বা কর্মনীতি কে ঠিক বা যথোচিত বলা যাবে যদি এবং কেবল যদি ওই কর্ম বা কর্মনীতি স্বতঃ মূল্যবান হয় অর্থাৎ কোন কর্ম বা কর্মনীতি তার স্বকীয় বৈশিষ্ট্যের জন্যই, স্বকীয় মূল্যের জন্যই সৎ বা ভালো, উচ্চতর কোন ফল লাভের উপায় তা ভালো নয়।

**7 কান্টের নীতি কর্তব্যবাদ কি?**

কান্ট তার নৈতিক মতবাদ অদ্বৈতবাদী নীতি কর্তব্যবাদ এর ওপর প্রতিষ্ঠিত করেছেন। তার মতে কোন কর্ম কে উচিত কর্ম বলা যাবে যদি তা স্বতঃমূল্যবান এক সার্বভৌম নৈতিক নিয়ম কে অনুসরণ করে। তিনি মনে করেন চরম নৈতিক নিয়ম এক সার্বভৌম নিঃশর্ত অনুজ্ঞা দায়বদ্ধ করে।

**8. আত্মসুখবাদ থেকে পরসুখবাদ অনুমানের ক্ষেত্রে বেঙ্হাম কয়টি বাহ্য নিয়ন্ত্রণের যুক্তি দিয়েছেন?**

আত্মসুখবাদ থেকে পরসুখবাদ অনুমানের ক্ষেত্রে বেঙ্হাম চারটি বাহ্য নিয়ন্ত্রণের যুক্তি দিয়েছেন। যথা-

সামাজিক নিয়ন্ত্রণ  
রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ  
ধর্মীয় নিয়ন্ত্রণ ও  
প্রাকৃতিক নিয়ন্ত্রণ।

### 9. কান্টের নিঃশর্ত বা শর্তহীন আদেশ কি?

কান্টের মতে সদৃচ্ছা প্রণোদিত হলে মানুষ তার ব্যবহারিক বিচার বুদ্ধির দ্বারা যে নৈতিক নিয়মটি সাক্ষাৎ ভাবে জানে, সেটি হল শর্তহীন বা নিঃশর্ত আদেশ। এটি নিঃশর্ত কারণ এই নিয়ম কোন উদ্দেশ্য সাধনের উপায় নয়। এটি বিবেকের আদেশ, যা আবেগহীন ও অনুভূতিশূন্য, স্বার্থ নিরপেক্ষ এবং অলঙ্ঘনীয় ও সর্বজনীন।

### 10. মিল আত্মসুখবাদ থেকে পরসুখবাদে উপনীত হওয়ার জন্য কোন কোন যুক্তি দিয়েছেন বা স্বীকার করেছেন?

মিল আত্মসুখবাদ থেকে পরসুখবাদে উপনীত হওয়ার জন্য বেস্থাম স্বীকৃত চারটি বাহ্য নিয়ন্ত্রণ ছাড়াও আরও তিনটি যুক্তি স্বীকার করেছেন সেগুলি হল-

আন্তর নিয়ন্ত্রণের যুক্তি

ন্যায়গত যুক্তি ও

মনস্তাত্ত্বিক যুক্তি।

